

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫৭৫

১/ বিবিধ

আরবী

ما تلف مال في بر ولا بحر إلا بحبس الزكاة
منكر

قال الهيثمى في " المجمع " (3 / 63) بعد أن ذكره من حديث عمر: " رواه الطبراني في الأوسط وفيه عمر بن هارون وهو ضعيف قلت: بل هو كذاب كما تقدم غير مرة. لكن الحديث له طريق أخرى، ذكره ابن أبي حاتم في " العلل " (1 / 220 - 221) من طريق عراك بن خالد: حدثني أبي قال: سمعت إبراهيم بن أبي عبلة يحدث عن عبادة بن الصامت مرفوعا به. وقال: " قال أبي: حديث منكر، وإبراهيم لم يدرك عبادة، وعراك منكر الحديث

বাংলা

৫৭৫। যাকাত দেয়া বন্ধ করে দেয়ার কারণেই ভূপৃষ্ঠে এবং সমুদ্রে সম্পদ ধ্বংসপ্রাপ্ত হয়।

হাদীছটি মুনকার।

হায়ছামী "আল-মাজমা" (৩/৬৩) গ্রন্থে বলেনঃ হাদীছটি তাবারানী "আল-মুজামুল আওসাত" গ্রন্থে বর্ণনা করেছেন। যার সনদে উমার ইবনু হারুণ রয়েছে, তিনি দুর্বল।

আমি (আলবানী) বলছিঃ বরং তিনি মিথ্যুক যেমনটি একাধিকবার পূর্বে তার সম্পর্কে আলোচনা করা হয়েছে। তবে হাদীছটির ভিন্ন সূত্র রয়েছে, যেটি ইবনু আবী হাতিম "আল-ইলাল" (১/২২০-২২১) গ্রন্থে আররাক ইবনু খালেদ সূত্রে তার পিতা হতে বর্ণনা করে বলেন, আমার পিতা বলেছেনঃ হাদীছটি মুনকার। বর্ণনাকারী ইব্রাহীম ওবাদাকে (রাঃ) পাননি। আর আররাক মুনকারুল হাদীছ।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদিসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71454>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন